


# যুগান্তর

সাস্ট ডিক্লারেশন চুক্তি স্বাক্ষর

## ভারতে উচ্চশিক্ষার সুযোগ পাচ্ছেন শিক্ষার্থীরা

প্রকাশ : ০৭ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত 'ইন্টারন্যাশনাল কনভেনশন ফর ভাইস চ্যান্সেলরস- আইসিভিসি ২০১৯' এ অংশগ্রহণকারী বাংলাদেশ ও ভারতের ২৩ বিশ্ববিদ্যালয়ের মধ্যে 'সাস্ট ডিক্লারেশন ২০১৯' চুক্তি স্বাক্ষরিত হয়েছে। শনিবার বিকাল ৪টার দিকে এই চুক্তিটি স্বাক্ষরিত হয় বলে নিশ্চিত করেছেন শাবি ভিসি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ। চুক্তি অনুযায়ী বাংলাদেশ ও ভারতের উত্তর পূর্বাঞ্চলীয় বিশ্ববিদ্যালয়গুলো শিক্ষা ও গবেষণা খাতে একে অন্যকে ওতপ্রোতভাবে সাহায্য সহযোগিতা করবে। চুক্তিতে ভারতের ১৫টি ও বাংলাদেশের আটটি বিশ্ববিদ্যালয়ের ভিসিরা স্বাক্ষর করেন।

'আইসিভিসি ২০১৯-সাস্ট ডিক্লারেশন চুক্তিপত্রে মোট পাঁচটি লক্ষ্যের কথা উল্লেখ রয়েছে। যার মধ্যে দুই দেশের শিক্ষাব্যবস্থায় ভ্রাতৃত্বের বন্ধন অটুট রাখার বিষয়টি উল্লেখ রয়েছে। এক নং ধারাতে উচ্চশিক্ষা ও এ ভূখণ্ডে উদ্ভাবনী ক্ষমতা বৃদ্ধি, প্রতিষ্ঠানগুলোর মধ্যে পারস্পরিক বোঝাপড়া বৃদ্ধি ও কার্যকরী ও দক্ষ জনবল প্রস্তুতে পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়ের বিষয়টি উঠে এসেছে। দুই নং ধারাতে দুই দেশের প্রতিষ্ঠানগুলোর মধ্যে প্রশিক্ষণ বৃদ্ধি, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধিতে পারস্পরিক সহযোগিতার হাত বাড়ানোর কথা রয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।